

💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ অন্যান্য সালাতসমূহ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

স্বালাতুত তাওবাহ্

স্বালাতুত তাওবাহ্ বা তওবা করার সময় বিশেষ ২ অথবা রাকআত নামায পড়া বিধেয়। মহানবী (ﷺ) বলেন, "যে ব্যক্তি কোন গুনাহ করে ফেলে অতঃপর উঠে ওয়ু করে ২ রাকআত নামায পড়ে আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করে, সে ব্যক্তিকে আল্লাহ মাফ করে দেন।" অতঃপর মহানবী (ﷺ) এই আয়াত তেলাওয়াত করেন:-

(وَالَّذِيْنَ إِذَا فَعَلُوا فَاحِشَةً أَوْ ظَلَمُوْا أَنْفُسَهُمْ ذَكَرُوا اللهَ فَاسْتَغْفَرُوْا لِذُنُوْبِهِمْ، وَمَنْ يَّغْفِرُ الذُّنُوْبِ إِلاَّ الله، وَلَمْ يُصِرُّوْا عَلَى مَا فَعَلُوْا وَهُمْ يَعْلَمُوْنَ، أُولَئِكَ جَزَاؤُهُمْ مَّغْفِرَةٌ مِّنْ رَبِّهِمْ وَجَنَّاتٌ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الأَنْهَارُ خَالِدِيْنَ فِيْهَا)

অর্থাৎ, আর যারা কোন অশ্লীল কাজ করে ফেলে অথবা নিজেদের প্রতি জুলুম করে (পাপ করে) ফেলে অতঃপর সাথে সাথে আল্লাহকে স্মরণ করে নিজেদের পাপের জন্য ক্ষমা প্রার্থনা করে; আর আল্লাহ ছাড়া আর কে পাপ ক্ষমা করবে? আর তারা জেনে-শুনে নিজেদের অপরাধের উপর হ্ঠকারিতা করে না। ঐ সকল লোকেদের পুরস্কার হল তাদের প্রতিপালকের কাছে ক্ষমা এবং সেই বেহেশ্ত যার পাদদেশে নদীমালা প্রবাহিত; সেখানে তারা চিরকাল বাস করবে। (কুরআন মাজীদ ৩/১৩৫-১৩৬) (আবৃদাউদ, সুনান ১৫২১, তিরমিয়ী, সুনান, নাসাঈ, সুনান, ইবনে মাজাহ, সুনান, ইবনে হিবরান, সহীহ, ইবনে খুযাইমাহ, সহীহ, বায়হাকী, সহিহ তারগিব ৬৭৭নং)

তিনি আরো বলেন, "যে ব্যক্তি উত্তমরুপে ওয়ু করে অতঃপর উঠে ২ রাকআত অথবা ৪ রাকআত ফরয অথবা অফরয (সুন্নত বা নফল) নামায উত্তমরুপে রুকু ও সিজদা করে পড়ে, অতঃপর সে আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করে, সে ব্যক্তিকে ক্ষমা করে দেওয়া হয়।" (ত্বাবারানী, মু'জাম)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=3045

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন